দৈনিক সংবাদ

MAR. 1 6 2002

# ছাত্রলীগের প্রতিবাদ মিছিল ও সমাবেশ

প্রেস বিজ্ঞপ্তি ঃ বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংরক্ষণ আইন বাতিলের ষড়যন্ত্রের ও শেখ হাসিনার বিরুদ্ধে 'প্রহসনমূলক মিথ্যা মামলা' দায়েরের প্রতিবাদে এবং বাহাউদ্দিন নাসিম ও ছাত্রলীগ কেন্দ্রীয় নেতাসহ সকল নেতৃবৃন্দের অবিলম্বে নিঃশর্ত মুক্তির দাবীতে গতকাল ঢাকা মহানগর কেন্দ্রীয় কার্যালয়ের সম্মুখে সমবেত হয়ে এক বিশাল প্রতিবাদ

...এর পৃঃ ...এর কঃ দেখুন

## ছাত্রলীগের প্রতিবাদ

...-এর পৃষ্ঠার পর

মিছিল প্রেসক্লাব অভিমুখে যাত্রা করলে পল্টন মোড়ে পুলিশী বাধার মুখে ফিরে এসে দলীয় কার্যালয়ের সম্মুখে সমাবেশে মিলিত হয়। মহানগর (উঃ) শাখা সভাপতি এম সাইফুল্লাহ সাইফুলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সহ-সভাপতি বলরাম পোদ্দার, অর্থ সম্পাদক এ বি এম মাজাহার আনাম, সহ-দফতর সম্পাদক মোঃ সাইফুজ্জামান শিখর, সদস্য সিরাজুল মুনির টিপু, মহানগর (দঃ) সভাপতি মিরাজ হোসেন, সাধারণ সম্পাদক গিয়াস উদ্দিন পলাশ, মহানগর (উঃ) ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইসহাক মিয়া। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, 'জোট সরকার যতই ষড়যন্ত্র করুক বঙ্গবন্ধু নাম বাঙালির হৃদয় থেকে কোন দিন মোছা যাবে না।'